



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

আজ বিদেশী ভাষার

সাইনবোর্ড উচ্ছেদ কার্যক্রম শুরু হয়েছে

চট্টগ্রাম- ৯ অক্টোবর ২০১৮

আজ মঙ্গলবার থেকে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট এর মাধ্যমে বিদেশী ভাষার সাইনবোর্ড উচ্ছেদ কার্যক্রম শুরু হয়েছে। এই অভিযান আগামতেও অব্যাহত থাকবে। সাইনবোর্ড বাংলায় লিখতে হবে মহামান্য হাইকোর্টের এমন নির্দেশনা চট্টগ্রাম নগরে বাস্তবায়নের উদ্যোগ নিল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এ উচ্ছেদে নেতৃত্ব দেন। আজ নগরীর আন্দরকিল্লা, কেসিদে রোড, বকসিরহাট ও সিনেমাপ্লেস এলাকায় বাংলা ছাড়া যে সকল প্রতিষ্ঠান সম্পূর্ণ বিদেশী ভাষায় সাইনবোর্ড স্থাপন করেছে সেসব প্রতিষ্ঠানের সাইনবোর্ড অপসারণ/কালী লাগিয়ে মুছে দেয়া হয় এবং প্রতিষ্ঠানগুলোকে আগামী ১ সপ্তাহের মধ্যে সাইনবোর্ড বাংলায় স্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। এতদসংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে গেল ফেব্রুয়ারি মাসে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে সিটি কর্পোরেশন আওতাধীন এলাকায় যে সব প্রতিষ্ঠানের (দূতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যাতিত) নাম ফলক, সাইনবোর্ড, ব্যানার ইত্যাদি বাংলায় লেখা হয়নি তা স্বউদ্যোগে ১৫ ফেব্রুয়ারি থেকে ৬ মাসের মধ্যে বাংলায় লেখার পাশাপাশি বাংলার চেয়ে বিদেশী ভাষাকে আকারে ছোট করে লিখে প্রতিস্থাপন করা এবং ব্যবসা প্রতিষ্ঠানের ড্রেড লাইসেন্সও বাংলায় নতুন/নবায়ন করার জন্য সকলকে অবহিত করা হয়। অন্যথায় নির্দিষ্ট সময়ের পর আইনগত ব্যবস্থা নেয়া হবে বলেও উল্লেখ করা হয়। এরই ধারাবাহিকতায় আজ থেকে এ অভিযান পরিচালিত হচ্ছে। এ বিষয়ে এক বিবৃতিতে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরবাসী ও ব্যবসায়ীদের মহামান্য হাইকোর্টের নির্দেশনা মেনে তাদের ব্যবসায়িক প্রতিষ্ঠান সহ অন্যান্য ক্ষেত্রে সাইনবোর্ড সমূহ বাংলায় লেখার অনুরোধ জানিয়েছেন।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

দক্ষ জনশক্তি গড়তে নেতৃত্ব দিচ্ছে

চসিক কম্পিউটার ইনস্টিটিউট : মেয়র

চট্টগ্রাম- ৯ অক্টোবর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন বলেছেন তথ্য প্রযুক্তিতে সমৃদ্ধ দক্ষ জনশক্তি গড়তে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউট নেতৃত্বের স্থানে রয়েছে। স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তির আলোয় আলোকিত করতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে চসিকের এই প্রতিষ্ঠানটি। প্রতিষ্ঠালগ্ন থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কম্পিউটার ইনস্টিটিউট তথ্য-প্রযুক্তি খাতে তৈরী করেছে সাড়ে ১৭ হাজারেরও অধিক দক্ষ জনশক্তি যারা দেশ ও দেশের বাইরে তাদের প্রতিভার স্বাক্ষর রেখে চলেছে বলে তিনি উল্লেখ করেন। মেয়র বলেন নগরবাসীর মাঝে সুলভে এই মানসম্মত তথ্য প্রযুক্তি শিক্ষা সেবা নিশ্চিতের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়ার অগ্রযাত্রায় সহযোগী হয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। গত রবিবার রাতে চসিক মিউনিসিপ্যাল মডেল হাই স্কুল এন্ড কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত চসিক কম্পিউটার ইনস্টিটিউট এর কোর্স সমাপনী সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। চসিক কাউন্সিলর নাজমুল হক ডিউক এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলর তারেক সোলায়মান সেলিম, মোহাম্মদ গিয়াস উদ্দিন, কলেজের অধ্যক্ষ শাহেদুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন চসিক কম্পিউটার ইনস্টিটিউট এর পরিচালক আনিছ আহমদ।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন